

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বরিশাল বিভাগ
ক্লাব রোড, বরিশাল

জরুরি

www.food.barisaldiv.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.৩২.০৬৮.১৮.৬৭৩

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৭

৩০ মে ২০২০

বিষয়: সিএসডি/এলএসডিসমূহে নিয়মিত ও গুরুত্বসহকারে পরিদর্শন/তদারকির মাধ্যমে সংগ্রহ, মজুদ ও বিলি-বিতরণ কাজে অনিয়ম রোধকরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সম্প্রতি স্থানীয় প্রশাসন/আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক ময়মনসিংহ জেলাধীন ঈশ্বরগঞ্জ উপজেলার আঠারবাড়ি এলএসডিতে রেকর্ড বহির্ভূত প্রায় ০৪ মে.টন এবং বগুড়া জেলাধীন গাবতলী এলএসডিতে ০১ ট্রাক (প্রায় ১৫ মে.টন) অবৈধ চাল জব্দ করা হয়। জানা যায়, আঠারবাড়ি এলএসডি'র ভারপ্রাপ্ত কর্মকর্তার যোগসাজসে চাল সিন্ডিকেটের চক্র বিভিন্ন খাতে বিতরণের চাল ক্রয় করে বোরো সংগ্রহের আওতায় সংগ্রহ/সরবরাহ দেখিয়ে বিলি করার উদ্দেশ্যে উক্ত চাল অবৈধভাবে এলএসডিতে মজুদ করে। অপরদিকে গাবতলী এলএসডিতে জব্দকৃত ০১ ট্রাক চাল সংশ্লিষ্ট এলএসডি'র ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ কয়েকজন ব্যক্তি স্থানীয় চালকল মালিকের কাছে বিক্রির চেষ্টা করেন। উক্ত চালের কোন সরবরাহ আদেশ (ডিও) ছিল না মর্মে জানা যায়। এ বিষয়ে বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় সংবাদ প্রকাশিত হয়; যা খাদ্য বিভাগের ভাবমূর্তি ক্ষুণ্ণ করে। তাছাড়া এ ধরনের ঘটনা সংশ্লিষ্ট সকলের জন্যই বিবর্তকর।

বরিশাল বিভাগের সিএসডি/এলএসডিসমূহেও এ ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা রোধকল্পে নিম্নোক্ত নির্দেশনা দেয়া হলো-

১) খাদ্য মন্ত্রণালয়/খাদ্য অধিদপ্তর হতে সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা মোতাবেক আওতাধীন সিএসডি/এলএসডিসমূহ নিজে এবং উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ কর্তৃক (স্ব-স্ব আওতাধীন) নিয়মিত ও গুরুত্বসহকারে পরিদর্শন/তদারকি করতে হবে;


২) এলএসডিতে রেকর্ড বহির্ভূত খাদ্যশস্য মজুদ করা এবং সরবরাহ আদেশ (ডিও) ব্যতিত এলএসডি হতে খাদ্যশস্য বের হওয়া সম্পূর্ণরূপে বন্ধ করতে হবে;

৩) উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ প্রতি কার্যদিবসে সকাল ৯-০০ টা হতে বিকাল ৫-০০ টা পর্যন্ত কর্মস্থলে উপস্থিতি থাকেন কিনা তা টেলিফোন করে যাচাইপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে;

৪) উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণের দাখিলকৃত প্রথম পাক্ষিক প্রতিবেদন প্রতি মাসের ১৬ তারিখে এবং ২য় পাক্ষিক প্রতিবেদন ০১ তারিখে যাচাই করতে হবে। যাচাইকালে খেয়াল রাখতে হবে যে, সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক উক্ত প্রতিবেদন যথাযথভাবে ও নিজ হাতে তৈরী করেছেন কিনা;

৫) এলএসডি পরিদর্শনকালে খামাল কার্ডের তথ্য ও অবস্থানসূচক চিহ্ন অনুযায়ী প্রতিটি খামাল যথাযথভাবে ও যথাস্থানে আছে কিনা তা যাচাই করতে হবে। খামালের প্রতিটি বস্তার গায়ে যথাযথভাবে স্টেনসীল দেয়া এবং খামালের গায়ে খামাল নম্বর লেখা আছে কিনা যাচাই করতে হবে।

এমতাবস্থায়, বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করে সংগ্রহ, মজুদ ও বিলি-বিতরণ কাজে সকল ধরনের অনিয়ম/অনাকাঙ্ক্ষিত ঘটনা রোধ করার জন্য অনুরোধ করা হলো।



৩০-৫-২০২০

মোহাম্মদ ফারুক হোসেন

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

ইমেইল: rcf.bsl@dgfood.gov.bd

জেলা খাদ্য নিয়ন্ত্রক,

বরিশাল/ঝালকাঠি/পিরোজপুর/ভোলা/পটুয়াখালি/বরগুনা


স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.৩২.০৬৮.১৮.৬৭৩/১(৭)

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৭

৩০ মে ২০২০

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) ব্যবস্থাপক, বরিশাল সিএসডি, বরিশাল
- ৪) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
- ৫) সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, ঝালকাঠি গ্রেড-১ এলএসডি, ঝালকাঠি
- ৬) ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল) এলএসডি
- ৭) মজুদ শাখা, অত্র দপ্তর



৩০-৫-২০২০

মোহাম্মদ ফারুক হোসেন

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক